# বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ চট্টগ্রাম

**(বাংলা ও English Version)**

ডাকঘর-বিমান বন্দর, থানা-পতেঙ্গা, চট্টগ্রাম-৪২০৫

web: www.bafsc.edu.bd, email: bafshaheencollegectg@yahoo.com

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ চট্টগ্রামে নিম্নবর্ণিত পদে শিক্ষক-কর্মচারী নিয়োগের উদ্দেশ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও বেতন স্কেল (গ্রেডসহ) |
|---|---|---|
| ০১। | **শরীরচর্চা শিক্ষক (পুরুষ)**<br>বাংলা ভার্সন (কলেজ শাখা)<br>পদসংখ্যা: ০১ জন, স্থায়ীপদ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিপিএড।<br>সমগ্র শিক্ষাজীবনে ০১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।<br>বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বেতন স্কেল (গ্রেডসহ): গ্রেড-১০, ১৬০০০-৩৮৬৪০/-** |
| ০২। | **অস্থায়ী সহকারী শিক্ষক** (গণিত)<br>পদসংখ্যা: ০১ জন<br>ইংরেজি ভার্সন (স্কুল শাখা) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান।<br>সমগ্র শিক্ষাজীবনে ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না।<br>বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বেতন স্কেল (গ্রেডসহ): (১) গ্রেড-১০, ১৬০০০/- (নির্ধারিত), (২) গ্রেড-১১, ১২৫০০/- (নির্ধারিত) ও সম্মানী ২,০০০/-** |
| ০৩। | **সহকারী শিক্ষক (সাধারণ)**<br>পদসংখ্যা: ০১ জন<br>বাংলা ভার্সন (প্রাথমিক শাখা)<br>স্থায়ীপদ | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী/সমমান ও বিএড ডিগ্রি/সমমান।<br>অথবা<br>(২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান। সমগ্র শিক্ষাজীবনে ১টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর।<br>**বেতন স্কেল (গ্রেডসহ): (১) গ্রেড-১০, ১৬০০০-৩৮৬৪০/- (২) গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/-** |
| ০৪। | **অস্থায়ী টেকনিশিয়ান**<br>পদসংখ্যা: ০১ জন | জেএসসি/জেডিসি/সমমান। টেকনিশিয়ান পদে ০৬ মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট থাকতে হবে।<br>বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর<br>**বেতন স্কেল (গ্রেডসহ): গ্রেড-১৬, ৯৩০০/-(নির্ধারিত)** |
| ০৫। | **ল্যাব সহকারী (পদার্থ বিজ্ঞান)**<br>পদসংখ্যা: ০১ জন, স্থায়ীপদ | যে কোন শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমান ২য় বিভাগ। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর<br>**বেতন স্কেল (গ্রেডসহ): গ্রেড-১৮, ৮৮০০/--২১৩১০/-** |
| ০৬। | **অস্থায়ী অফিস সহায়ক**<br>পদসংখ্যা: ০১ জন | জেএসসি/জেডিসি/সমমান। বয়সসীমা: অনূর্ধ্ব ৩৫ বছর<br>**বেতন স্কেল (গ্রেডসহ): গ্রেড: ২০, ৮২৫০/-(নির্ধারিত)** |

**শর্তাবলী:**

ক। **বেতন স্কেল ও অন্যান্য সুবিধা:** বর্ণিত বেতন স্কেল ছাড়াও প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, বৎসরে ২টি উৎসব ভাতা, নগর ভাতা, নববর্ষ ভাতা, চাকুরী স্থায়ীকরণ সাপেক্ষে ১০% কন্ট্রিবিউটরী প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ও স্বাস্থ্য বীমার সুবিধা (১নং, ৩নং ও ৫নং পদের)।

খ। প্রার্থীকে কলেজ পরিচালনা পরিষদের সভাপতির বরাবরে স্বহস্তে লিখিত আবেদনপত্র (খামের উপরে পদের নাম বিষয়সহ উল্লেখপূর্বক) জীবনবৃত্তান্ত, পাসপোর্ট আকারের ০২ কপি ছবি, মোবাইল নম্বর ও সকল প্রামাণ্য কাগজপত্রের সত্যায়িত কপি এবং অগ্রণী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে "বি এ এফ শাহীন কলেজ চট্টগ্রাম" এর অনুকূলে ক্রয়কৃত ১নং ও ৩নং স্থায়ী পদের জন্য ৫০০.০০ টাকা, ২নং অস্থায়ী পদের জন্য ২০০.০০ টাকা, ৫নং পদের জন্য ৩০০.০০ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার (৪নং ও ৬নং পদের জন্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার প্রযোজ্য নয়) রেজিষ্টার্ড ডাক/কুরিয়ার সার্ভিস যোগে বা সরাসরি ২০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে অত্র কলেজে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। দাখিলকৃত আবেদনপত্রসমূহ বাছাইয়ের পর শুধুমাত্র যথাযথ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। ১-৩নং পদে আবেদনকৃত প্রার্থীদের লিখিত, শ্রেণিতে পাঠদান এবং সাক্ষাৎকার এবং ৪-৬নং পদে আবেদনকৃত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও সাক্ষাৎকার নেয়া হবে। লিখিত, পাঠদান/ব্যবহারিক ও সাক্ষাৎকার পরীক্ষার তারিখ ও সময় যথাসময়ে জানানো হবে। বর্ণিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

গ। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং প্রার্থী নিয়োগপ্রাপ্ত হলে যোগদান করতে আপত্তি নেই এই মর্মে কর্তৃপক্ষের নিকট হতে না-আপত্তিনামা সার্টিফিকেট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল এবং **চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানে ব্যর্থ হলে কলেজ কর্তৃপক্ষ কলেজ রেগুলেশন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করেন।**

তারিখ: ১০ জুলাই ২০২৬

**অধ্যক্ষ**